সেট খ

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

বিষয় কোড : ১৪৬

প্রাক-নির্বাচনি পরীক্ষা -২০১৮

দশম শ্রেণি

বিষয়: হিসাববিজ্ঞান (বহুনির্বাচনি)

সময় : ৩০ মিনিট　　　পূর্ণমান : ৩০

[বি: দ্র: সরবরাহকৃত বহুনির্বাচনি প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক এবং সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।]

১। হিসাববিজ্ঞানের অভ্যন্তরীণ ব্যবহারকারী কে?
ক. পাওনাদার　খ. ঋণ প্রদানকারী
গ. সরকার　ঘ. ব্যবস্থাপক

২। ঋণ পরিশোধ সচেতনতা সৃষ্টি করা-
ক. হিসাববিজ্ঞানের উদ্দেশ্য
খ. হিসাববিজ্ঞানের মূল্যবোধ
গ. হিসাববিজ্ঞানের প্রয়োজনীয়তা
ঘ. হিসাববিজ্ঞানের ভূমিকা

৩। সরকারের আয়ের উৎস হলো-
i) ভ্যাট　ii) কাস্টমস ডিউটি　iii) আয়কর
নিচের কোনটি সঠিক ?
ক. i ও ii　খ. i ও iii
গ. ii ও iii　ঘ. i, ii ও iii

৪। ব্যবসায়িক লেনদেনের দলিল কোনটি ?
ক. ব্যাংক জমা　খ. ব্যাংক জমাতিরিক্ত
গ. ভ্যাট চালান　ঘ. ক্রয়কৃত পণ্য ফেরত

৫। মালিকানা স্বত্বকে প্রভাবিত করে কোনটি ?
ক. প্রদেয় বিল　খ. বকেয়া বেতন
গ. দেনাদার　ঘ. পণ্য উত্তোলন

৬। সঠিক হিসাব সমীকরণ কোনটি ?
ক. $A = L + (C + R - E - D)$
খ. $A = L + (C + R - E + D)$
গ. $A = L + (C - R + E - D)$
ঘ. $A = L + C - R + E + D)$

৭। অফিসের জন্য স্ট্যাপলার ক্রয় কোন ধরনের হিসাব?
ক. অফিস সাপপ্লাইজ হিসাব　খ. অফিস সরঞ্জাম হিসাব
গ. সম্পদ হিসাব　ঘ. ক্রয় হিসাব

৮। গাণিতিক শুদ্ধতা যাচাই দু'তরফা দাখিলা পদ্ধতির কী ?
ক. বৈশিষ্ট্য　খ. উদ্যেশ্য
গ. সুবিধা　ঘ. প্রয়োজনীয়তা

৯। জীবন বিমার প্রিমিয়াম প্রদান ৩০,০০০ টাকা। লেনদেনটিতে ডেবিট হিসাব কোনটি?
ক . জীবন বিমা হিসাব　খ. বিমা হিসাব
গ. নগদান হিসাব　ঘ. উত্তোলন হিসাব

১০। মিঃ আদরের নিকট ১০,০০০ টাকার পণ্য বিক্রয়। এই লেনদেনটির ফলে-
i) A বৃদ্ধি পায়　ii) L বৃদ্ধি পায়　iii) E বৃদ্ধি পায়
নিচের কোনটি সঠিক ?
ক. i ও ii　খ. ii ও iii
গ. i ও iii　ঘ. i, ii ও iii

১১। মূলধন জাতীয় প্রাপ্তি কোনটি?
ক. পণ্য বিক্রয়লব্ধ অর্থ　খ. ব্যাংক থেকে গৃহীত ঋণ
গ. প্রাপ্ত কমিশন　ঘ. বিনিয়োগের সুদ

১২। কোনটি মূলধন জাতীয় ব্যয় ?
ক. আসবাবপত্র ক্রয়　খ. মাল ক্রয়
গ. আসবাবপত্র মেরামত　ঘ. বাট্টা প্রদান

১৩। উপ-ভাড়াটিয়ার নিকট থেকে ভাড়া প্রাপ্তি একটি-
ক. মূলধন জাতীয় আয়　খ. মুনাফা জাতীয় আয়
গ. মূলধন জাতীয় প্রাপ্তি　ঘ. মুনাফা জাতীয় ব্যয়

১৪। অগ্রিম শিক্ষানবিশ সেলামী কোন ধরনের হিসাব?
ক. সম্পদ হিসাব　খ. অনুপার্জিত আয় হিসাব
গ. ব্যয় হিসাব　ঘ. মালিকানা স্বত্ব হিসাব

১৫। হিসাব সমীকরণের বর্ধিত রূপটির E উপাদান কী নির্দেশ করে?
ক. Equity　খ. Equipment
গ. Expenses　ঘ. Economy

১৬। 'ব্যবসায় হতে উত্তোলন' হিসাব সমীকরণের-
i) A হ্রাস পায়　ii) L বৃদ্ধি পায়　iii) E হ্রাস পায়
নিচের কোনটি সঠিক ?
ক. i ও ii　খ. i ও iii
গ. ii ও iii　ঘ. i, ii ও iii

১৭। কোনটি আর্থিক বিবরণীর খসড়া স্বরূপ ব্যবহার করা হয়-
ক. রেওয়ামিল　খ. সমন্বয় দাখিলা
গ. সমাপনী দাখিলা　ঘ. কার্যপত্র

নিচের উদ্দীপকটি পড় এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাওঃ

মিজান ট্রেডার্স -এর ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখের খতিয়ানের উদ্বৃত্তগুলো ছিল নিম্নরূপঃ

১০% বিনিয়োগ (১-৭-১৭) ২০,০০০ টাকা, বিক্রয় ১,০০,০০০ টাকা ও বিনিয়োগের সুদ ৫০০ টাকা, নিট মুনাফা ১০,০০০ টাকা।

১৮। উক্ত তথ্য অনুসারে মিজান ট্রেডার্স এর বিনিয়োগের বকেয়া সুদের পরিমাণ কত?
ক. ৫০০ টাকা　খ. ১,০০০ টাকা
গ. ১,৫০০ টাকা　ঘ. ২,০০০ টাকা

১৯। মিজান ট্রেডার্স -এর নিট মুনাফার হার কত?
ক. ৫%　খ. ৭%
গ. ১০%　ঘ. ১৫%

২০। দালানকোঠা নির্মাণের ক্ষেত্রে আরোপণযোগ্য খরচ কোনটি?
ক. সিমেন্ট ক্রয়　খ. নকশা প্রণয়ন ব্যয়
গ. রড ক্রয়　ঘ. শ্রমের মজুরি

২১। নীলাচল ট্রেডার্সের সিমেন্টের ক্রয়মূল্য ২,২৫,০০০ টাকা; কুলি খরচ ১,৫০০ টাকা; ট্রাক ভাড়া ২০,০০০ টাকা এবং গুদাম ভাড়া ৫০০০ টাকা। নীলাচল ট্রেডার্সের মুখ্য ব্যয় কত টাকা?

ক. ২,২৬,৫০০ খ. ২,৪৫,০০০

গ. ২,৪৬,৫০০ ঘ. ২,৫১,৫০০

২২। প্রশাসনিক উপরিব্যয় হল-

i) ছাপা ও মনিহারি ii) অফিসের বিদ্যুৎ বিল

iii) নমুনা বিতরণ

নিচের কোনটি সঠিক ?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাওঃ

কাঁচামাল ৮০,০০০ টাকা, প্রত্যক্ষ মজুরি ২০,০০০ টাকা, অন্যান্য প্রত্যক্ষ খরচ ২০,০০০ টাকা, উৎপাদন ব্যয় ১,৫০,০০০ টাকা এবং মুনাফা মোট ব্যয়ের ২০%।

২৩। কারখানা উপরিব্যয় কত ?

ক. ৩০,০০০ টাকা খ. ১,০০,০০০ টাকা

গ. ১,৭০,০০০ টাকা ঘ. ২,৭০,০০০ টাকা

২৪। বিক্রয় উপরিব্যয় ১২,০০০ টাকা হলে মুনাফা কত ?

ক. ৩২,৪০০ টাকা খ. ১,৬২,০০০ টাকা

গ. ১,৮২,৪০০ টাকা ঘ. ১,৯৪,৪০০ টাকা

২৫। পারিবারিক তহবিল আর্থিক বিবরণীতে কীভাবে দেখানো হয়?

ক. সম্পদ হিসেবে খ. প্রারম্ভিক মূলধন হিসেবে

গ. দায় হিসেবে ঘ. আয় হিসেবে

২৬। একটি পরিবারের মোট আয়ের কত ভাগ বস্ত্রখাতে ব্যয় করা হয়?

ক. ৩০%-৫০% খ. ৩০%-৪০%

গ. ১০%-১৫% ঘ. ৫%-১০%

২৭। জনাব রশিদ এর মাসিক আয় ৬০,০০০ টাকা। তার খাদ্য খাতে সর্বোচ্চ ব্যয় কত টাকা?

ক. ১০,০০০ খ. ১৫,০০০

গ. ১৮,০০০ ঘ. ২০,০০০

২৮। পারিবারিক হিসাব ব্যবস্থার প্রয়োজনীয়তা হলো-

i) সুষ্ঠু পরিকল্পনা ii) মূল্যবোধ সৃষ্টি

iii) পারিবারিক বাজেট

নিচের কোনটি সঠিক ?

ক. i ও ii খ. ii ও iii

গ. i ও iii ঘ. i, ii ও iii

২৯। পারিবারিক আর্থিক বিবরণীর ধাপ হলো-

i) আয় ও ব্যয় বিবরণী হিসাব

ii) প্রাপ্তি ও প্রদান হিসাব

iii) নগদান হিসাব

নিচের কোনটি সঠিক ?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii

৩০। চলতি অনুপাতের আদর্শ মান কত?

ক. ১ : ১ খ. ১ : ২

গ. ২ : ১ ঘ. ১ : ৩

সেট খ

বিষয় কোড : ১৪৬

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

প্রাক-নির্বাচনি পরীক্ষা -২০১৮

দশম শ্রেণি

বিষয় : হিসাববিজ্ঞান (সৃজনশীল)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান : ৭০

[ক বিভাগসহ যেকোনো ৭টি প্রশ্নের উত্তর দাও।]

ক-বিভাগ (বাধ্যতামূলক)

১। প্রিয়ন এন্ড ব্রাদার্সের ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিলটি ছিল নিম্নরূপ-

ক্রমিক নং	হিসাবের নাম	খঃ পৃঃ	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
১.	পণ্য ক্রয় ও বিক্রয়		১,২০,০০০	২,৮০,০০০
২.	মজুরি ও বেতন		২০,০০০	
৩.	পণ্য ফেরত		২০,০০০	১০,০০০
৪.	আয়কর		৪,০০০	
৫.	কারবারি বাট্টা		৬,০০০	২,০০০
৬.	শুল্ক		২৪,০০০	
৭.	দেনাদার		৩০,০০০	
৮.	বাড়ি ভাড়া (১০ মাস)			৩০,০০০
৯.	দালানকোঠা		৬৮,০০০	
১০.	কমিশন		৫,০০০	৩,০০০
১১.	বাট্টা		৩,০০০	২,০০০
১২.	মজুদ পণ্য		২৭,০০০	
	মোট =		৩,২৭,০০০	৩,২৭,০০০

সমন্বয়সমূহ :

১) সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ৬০,০০০ টাকা ; যার বাজার মূল্য ১০% কম।

২) বকেয়া মজুরি ১০,০০০ টাকা ও বাকিতে পণ্য বিক্রয় ১০,০০০ টাকা।

৩) দেনাদারের ২,০০০ টাকা আদায়যোগ্য নয় এবং অবশিষ্ট দেনাদারের ৫% অনাদায়ী দেনা সঞ্চিতি ধার্য কর।

করণীয় :

ক) প্রিয়ন এন্ড ব্রাদার্সের নিট দেনাদারের পরিমাণ নির্ণয় কর। ২

খ) প্রিয়ন এন্ড ব্রাদার্সের মোট মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

গ) প্রিয়ন এন্ড ব্রাদার্সের নিট লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

২।

মেসার্স নিশা ট্রেডার্স

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০১৭

ক্রমিক নং	হিসাব শিরোনাম	খঃ পৃঃ	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
১.	উত্তোলন ও মূলধন		২৫,০০০	৭৫,০০০
২.	প্রাপ্য বিল ও প্রদেয় বিল		৩৫,০০০	১৫,০০০
৩.	বিজ্ঞাপন		১২,০০০	
৪.	বেতন (১৫ মাস)		১৫,০০০	
৫.	১০% ব্যাংক ঋণ			৩৬,০০০
৬.	বকেয়া ভাড়া			২,০০০
৭.	বাট্টা		৩,০০০	২,৫০০
৮.	হাতে নগদ		৩৮,৫০০	
৯.	শিক্ষানবিশ সেলামী (৫ বছর)			১৫,০০০
১০.	পাওনাদার			১৩,০০০
১১.	দালানকোঠা		৫৫,০০০	
১২.	অতিরিক্ত মূলধন (১-৭-১৭)			২৫,০০০
	মোট =		১,৮৩,৫০০	১,৮৩,৫০০

সমন্বয়সমূহ :

১) উত্তোলন ও মূলধনের উপর ৫% হারে সুদ ধার্য কর।

২) বিনামূল্যে পণ্য বিতরণ ৩,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।

৩) বিজ্ঞাপনের ৩/৫ অংশ অবলোপন কর।

৪) সমাপনী মজুদ পণ্যের মূল্য ২০,০০০ টাকা।

করণীয় :

ক) মূলধনের সুদের পরিমাণ নির্ণয় কর। ২

খ) উক্ত প্রতিষ্ঠানের মোট মুনাফা ৭৫,০০০ টাকা ধরে নিট লাভ/ক্ষতি নির্ণয় কর। ৪

গ) মেসার্স নিশা ট্রেডার্সের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

খ-বিভাগ

৩। মি. সুমন ভি. আই. পি. টেইলার্সের স্বত্বাধিকারী। ২০১৭ সালের জানুয়ারি মাসে তার ব্যবসায় প্রতিষ্ঠানের লেনদেনগুলো ছিল নিম্নরূপ-

জানুয়ারি-০৩ সেলাই মেশিন ক্রয় ২০,০০০ টাকা।

জানুয়ারি- ৭ প্রচারণা বাবদ ব্যয় ১০,০০০ টাকা।

জানুয়ারি- ১৮ ৫,০০০ টাকার কাপড় ক্রয়ের ফরমায়েশ প্রদান।

জানুয়ারি- ২৫ দোকান ভাড়া বাবদ পরিশোধ ৫,০০০ টাকা।

জানুয়ারি- ৩০ মেশিন সংস্থাপন বাবদ ব্যয় ২,৫০০ টাকা।

ক) মি. সুমনের মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ) উপর্যুক্ত তথ্যসমূহ হতে লেনদেনগুলোর সমীকরণ পদ্ধতিতে কারণসহ ব্যাখ্যা কর। ৪

গ) উপর্যুক্ত লেনদেনসমূহ বিবরণী ছকে হিসাব সমীকরণের উপর প্রভাব দেখাও। ৪

৪। অরুপ ব্রাদার্স –এর ২০১৮ সালের মে মাসের লেনদেনগুলো ছিল নিম্নরূপ-

মে-০২ শিববাড়ি থেকে দৌলতপুরে ব্যবসায় স্থানান্তর ব্যয় ১৫,০০০ টাকা।

মে-০৬ দালানকোঠা চুনকাম বাবদ ব্যয় ৫,০০০ টাকা।

মে-১০ নতুন মেশিন ক্রয় ২০,০০০ টাকা।

মে-১৫ বিজ্ঞাপন (৪ বছর) ২০,০০০ টাকা।

মে-২২ বিদ্যুৎ সংস্থাপন ব্যয় ২০,০০০ টাকা।

মে-২৬ নতুন মেশিন আনার জন্য জাহাজ ভাড়া ৫,০০০ টাকা।

মে-৩০ ইজারা সম্পত্তির জন্য ব্যয় ৫০,০০০ টাকা।

ক) বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নিরূপণ কর। ২

খ) মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

গ) ১০ তারিখের ক্রীত মেশিনটি ৩০,০০০ টাকায় বিক্রয় করলে মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধন জাতীয় আয়ের পরিমাণ কত হবে নির্ণয় কর। ৪

৫। ২০১৭ সালের ডিসেম্বর মাসে নিম্নোক্ত লেনদেনগুলো শিল্পী এন্ড সন্সের ব্যবসায় প্রতিষ্ঠান থেকে গৃহীত হয়েছে-

ডিসেম্বর-০১ নগদ ৫০,০০০ টাকা এবং ২০,০০০ টাকা পাওনাদার নিয়ে ব্যবসায় শুরু করা হলো।

ডিসেম্বর-০৪ মালিক তার বাসায় ব্যবহৃত আসবাবপত্র ২০,০০০ টাকায় বিক্রয় করেন।

ডিসেম্বর-১০ পণ্য বিক্রয় করা হলো ২০,০০০ টাকা, যার ৪০% নগদে প্রাপ্ত হলো।

ডিসেম্বর-২০ মালিক তার ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক থেকে ঋণ গ্রহণ করলেন ২৫,০০০ টাকা।

ডিসেম্বর-২৪ অফিসের জন্য ৮০০ টাকা দিয়ে একটি গণনা মেশিন ক্রয় করা হলো।

ডিসেম্বর-২৮ বাট্টা পাওয়া গেল ১,০০০ টাকা।

ক) যে ঘটনাগুলো লেনদেন নয় তার পরিমাণ নির্ণয় কর। ২

খ) ১, ১০, ২৪ এবং ২৮ তারিখের লেনদেনগুলোর ডেবিট-ক্রেডিট নির্ণয় কর। ৪

গ) উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা হিসাবের শ্রেণিবিভাগ কারণসহ লেখ। ৪

৬। মি. জাহিদ একজন পোশাক প্রস্তুতকারক। ৫০০ পিস শার্ট তৈরির জন্য তার খরচগুলো ছিল নিম্নরূপ-
কাপড় ক্রয় ৮০,০০০ টাকা, কাপড় কাটা ও সেলাই মজুরি ৬৫,০০০ টাকা, শার্ট তৈরির জন্য অন্যান্য সামগ্রী ক্রয় ৩,০০০ টাকা, কারখানা ভাড়া ২,০০০ টাকা, কারখানা ম্যানেজারের বেতন ৮,০০০ টাকা, শার্ট বিক্রির জন্য দোকানে আনার গাড়ি ভাড়া ৪,০০০ টাকা, শো-রুম ভাড়া ১২,০০০ টাকা, বিজ্ঞাপন খরচ ৫,০০০ টাকা এবং বিক্রয় কর্মীর বেতন ১০,০০০ টাকা।

ক) ৫০০ পিস শার্টের মুখ্য ব্যয় নির্ণয় কর। ২

খ) মি. জাহিদের প্রতিটি শার্টের উৎপাদন ব্যয় নির্ণয় কর। ৪

গ) মোট ব্যয়ের উপর ২০% মুনাফা ধরে প্রতিটি শার্টের বিক্রয়মূল্য নির্ণয় কর। ৪

৭। মি. রাহাত একজন ব্যবসায়ী। ২০১৭ সালের ডিসেম্বর মাসে তার ব্যবসায়ে নিম্নলিখিত ঘটনাগুলো সংঘটিত হয়েছিল-

ডিসেম্বর-০১ ৬৫,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন।

ডিসেম্বর-১০ ধারে পণ্য ক্রয় ৫,৫০০ টাকা।

ডিসেম্বর-১৫ রহিমের নিকট ১০% বাট্টায় ২৫,০০০ টাকার পণ্য বিক্রয় করা হলো।

ডিসেম্বর-২৫ বিজ্ঞাপন বাবদ পরিশোধ ১,০০০ টাকা।

ক) ১৫ তারিখের লেনদেনের সাহায্যে একটি উপযুক্ত ভাউচার প্রস্তুত কর। ২

খ) উপর্যুক্ত লেনদেনগুলোর ডেবিট ক্রেডিট নির্ণয় কর। ৪

গ) উপর্যুক্ত লেনদেনগুলোর দ্বারা হিসাব সমীকরণের উপাদানগুলোর প্রভাব দেখাও। ৪

৮। জনাব শরিফুল ইসলামের ১ জানুয়ারি ২০১৭ তারিখে সম্পদ ও দায়-দেনার পরিমাণ নিম্নরূপ ছিল-

বিবরণ	টাকা
আসবাবপত্র	৬,০০,০০০
১২% বিনিয়োগ	২,০০,০০০
তৈজসপত্র	১,৫০,০০০
গৃহ নির্মাণ ঋণ	৩,০০,০০০

উক্ত বছরে তার প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নরূপ ছিল-

প্রাপ্তিসমূহ	টাকা	প্রদানসমূহ	টাকা
হাতে নগদ(০১-০১-২০১৭)	৬০,০০০	খাদ্য সামগ্রী ক্রয়	৬০,০০০
বেতন	২,৫০,০০০	মুদি দোকান বিল	৩,০০০
কৃষি খাত থেকে আয়	৬০,০০০	কম্পিউটার ক্রয়	৪০,০০০
বিনিয়োগের সুদ	১১,০০০	গ্যাস, পানি ও বিদ্যুৎ বিল	৬,০০০
		ডাকঘর সঞ্চয় ব্যাংকে জমা	৩০,০০০
		টেলিভিশন ক্রয়	৫০,০০০
		গৃহ নির্মাণ ঋণ পরিশোধ	১,০০,০০০
		হাতে নগদ (৩১-১২-২০১৭)	৯২,০০০
	৩,৮১,০০০		৩,৮১,০০০

ক) জনাব শরিফুল ইসলামের পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় কর। ২

খ) জনাব শরিফুল ইসলামের ব্যয়াতিরিক্ত আয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

গ) উক্ত তারিখে জনাব শরিফুল ইসলামের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৯। জনাব বাবুল যশোরের একজন পাইকারি ব্যবসায়ী। তার প্রতিষ্ঠানে ২০১৮ সালের মার্চ মাসে কতিপয় লেনদেন ছিল নিম্নরূপ-

মার্চ-০১	নগদ ৪৫,০০০ টাকা এবং ২০,০০০ টাকার পণ্য নিয়ে ব্যবসায় শুরু করেন ।
মার্চ-০৭	রহিম এন্ড কোং এর নিকট ২,৫০০ টাকা দরে ১০টি ডিনার সেট বিক্রয়। প্যাকিং খরচ ৫০০ টাকা এবং কারবারি বাট্টা ৫%, চালান নং- ১৩২ ।
মার্চ-০৯	রহিম এন্ড কোম্পানী-এর নিকট হতে ৩টি ডিনার সেট ফেরত পাওয়া গেল । ক্রেডিট নোট নং- ২১৫ ।
মার্চ- ২০	আয়কর প্রদান করা হল ৩,৫০০ টাকা ।

ক) জনাব বাবুলের নিট মূলধনের পরিমাণ নির্ণয় কর । ২

খ) ৭ তারিখের লেনদেনের সাহায্যে একটি চালান প্রস্তুত কর । ৪

গ) উপর্যুক্ত লেনদেনের সাহায্যে একটি ক্রেডিট নোট প্রস্তুত কর । ৪

১০। জনাব মামুন তার ব্যবসায়ের বিস্তারিত হিসাব সংরক্ষণ করেন না । ১ জানুয়ারি ২০১৭ তারিখে তার ব্যবসায়ের মোট সম্পদ ও দায়ের পরিমাণ ছিল যথাক্রমে ৩,১০,০০০ টাকা ও ২,৩০,০০০ টাকা । উক্ত বছরে তিনি আরও ৬০,০০০ টাকা ব্যবসায়ে বিনিয়োগ করেন এবং প্রতি মাসে ৪,০০০ টাকা করে উত্তোলন করেন । ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখে তার ব্যবসায়ে নিম্নোক্ত সম্পদ ও দায়সমূহ ছিল-

নগদ ৬০,০০০ টাকা, যন্ত্রপাতি ৫০,০০০ টাকা, পাওনা ২৫,০০০ টাকা, মজুদ পণ্য ৬০,০০০ টাকা, ব্যাংক ঋণ ২৫,০০০ টাকা, দেনা ২৫,০০০ টাকা, অগ্রিম মজুরি ১০,০০০ টাকা এবং বকেয়া ভাড়া ৫,০০০ টাকা ।

ক) জনাব মামুনের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর । ২

খ) জনাব মামুনের সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় কর । ৪

গ) ২০১৭ সালে জনাব মামুনের ব্যবসায়ের লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় কর । ৪

১১। মি. প্রিয়লাল -এর ২০১৮ সালের মে মাসের কতিপয় লেনদেন ছিল নিম্নরূপ-

মে-২	নগদ ২,৮০,০০০ টাকা এবং ৩০,০০০ টাকার ১টি কম্পিউটার নিয়ে ব্যবসায় শুরু করেন ।
মে-৫	কাগজ, কালি ও কলম ক্রয় ৫,০০০ টাকা ।
মে-১৩	ধারে পণ্য ক্রয় ৫০,০০০ টাকা ।
মে-১৭	১৩ তারিখের ক্রয়কৃত পণ্য হতে ২০,০০০ টাকার পণ্য ফেরত দেওয়া হলো । ডেবিট নোট নং- ২০১ ।
মে-১৯	কম্পিউটার মেরামত ব্যয় ২,০০০ টাকা ।
মে-২২	অফিসের জন্য ১টি প্রিন্টার ক্রয় ৫০০০ টাকা ।
মে-২৪	বিজ্ঞাপন বাবদ চেক প্রদান ২৫,০০০ টাকা ।

ক) ১৭ তারিখের লেনদেন অবলম্বনে একটি ডেবিট নোট প্রস্তুত কর । ২

খ) উপর্যুক্ত তথ্য হতে মুনাফা জাতীয় লেনদেনের পরিমাণ নির্ণয় কর । ৪

গ) মি. প্রিয়লালের মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয় কর । ৪